

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -৩৯১৮(আগরতলা, ২।৩)

ধৰ্মনগর, ২ মার্চ, ২০২০

প্রধানমন্ত্রী কিশাণ সন্মান নিধি যোজনায় পানিসাগর
কৃষি মহকুমায় উপকৃত ১১,১৯৮ জন কৃষক

প্রধানমন্ত্রী কিশাণ সন্মান নিধি যোজনায় পানিসাগর কৃষি মহকুমার আওতাধীন পানিসাগর এবং যুবরাজনগর ব্লক এলাকার ১১ হাজার ১৯৮ জন কৃষক নাম নথিভুক্ত করেছেন। এই যোজনায় প্রত্যেক কৃষক তিন কিস্তিতে ২ হাজার টাকা করে পাচ্ছেন। এই যোজনায় পানিসাগর ব্লকের ৪ হাজার ৯৪৯ জন কৃষক নাম নথিভুক্ত করেছেন। এরমধ্যে ২ হাজার টাকা করে প্রথম কিস্তির টাকা পেয়েছেন ৪ হাজার ৫২৪ জন। দ্বিতীয় কিস্তির টাকা পেয়েছেন ৪ হাজার ৭৬ জন। তৃতীয় কিস্তির টাকা পেয়েছেন ৪ হাজার ৫৭ জন কৃষক।

পানিসাগর কৃষি মহকুমার যুবরাজনগর ব্লক এলাকার ৬ হাজার ২৪৯ জন কৃষক নাম নথিভুক্ত করেছেন। এর মধ্যে প্রথম কিস্তির টাকা পেয়েছেন ৫ হাজার ৮৬৫ জন কৃষক। দ্বিতীয় কিস্তির টাকা পেয়েছেন ৫ হাজার ৪১৩ জন কৃষক। তৃতীয় কিস্তির টাকা পেয়েছেন ৫ হাজার ২৩৮ জন। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উত্তর জেলার উপঅধিকর্তা স্বপন সিনহা এই সংবাদ জানান।
